

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১০৬

১/ বিবিধ

আরবী

من سعادة ابن آدم استخارته الله ومن سعادة ابن آدم رضاه بما قضى الله، ومن شقوة ابن آدم تركه استخارة الله ومن شقوة ابن آدم سخطه بما قضى الله عز وجل
ضعيف

أخرجه أحمد (1444) والترمذي (3 / 203) والحاكم (1 / 518) وابن عساكر (16 / 232 / 1) من طريق محمد بن أبي حميد عن إسماعيل بن محمد بن سعد بن أبي وقاص عن أبيه عن جده سعد بن أبي وقاص مرفوعا. وقال الحاكم: " صحيح الإسناد . ووافقه الذهبي، فوهما بشهادة الذهبي نفسه حيث قال في ترجمة محمد بن أبي حميد هذا: " ضعفه ". ثم ساق له هذا الحديث. وممن ضعفه الترمذي، فقال عقب الحديث: " هذا حديث غريب لا نعرفه إلا من حديث محمد بن أبي حميد، ويقال له أيضا: حماد بن أبي حميد، وهو إبراهيم المدني، فليس هو بالقوي عند أهل الحديث ". وقال الحافظ ابن حجر في " التقريب ": " إنه ضعيف ومنه تعلم أن قوله في " الفتح " (11 / 153) : " أخرجه أحمد وسنده حسن "، غير حسن، بل هو ضعيف كما علمت. وقد أشار لهذا المنذري في " الترغيب " (1 / 244) حيث عقب تصحيح الحاكم بقوله: " كذا قال "، ولكنه لم يسلم من التناقض أيضا حيث صرح بتصحيح هذا السند بحديث آخر لابن أبي حميد، وهو: (من سعادة ابن آدم ثلاث، ومن شقوة ابن آدم ثلاث: من سعادة ابن آدم المرأة الصالحة والمسكن الصالح والمركب الصالح، ومن شقوة ابن آدم المرأة السوء والمسكن السوء

والمركب السوء) . أخرجه أحمد (رقم 1445) والحاكم (2 / 144) بإسناد الحديث الذي قبله، وصححه الحاكم أيضا، وكذا الذهبي. وهو من أوهامهما كما سبق بيانه. وكذلك وهم فيه المنذري والهيثمي، أما الأول فقال (3 / 68) : " رواه أحمد بإسناد صحيح، والطبراني والبزار والحاكم وصححه ... وابن حبان في صحيحه "، وهو نفسه قد انتقد الحاكم في صحيحه إسناد الحديث الذي قبله، والسند هو هو! وأما الهيثمي فقال (2 / 272) : " رواه أحمد والبزار والطبراني في " الكبير " و " الأوسط " ورجال أحمد رجال الصحيح ! " وابن أبي حميد ليس من رجال الصحيح مطلقا. نعم لحديثه الآخر طريق أخرى هي خير من هذه، ولكنه بلفظ: " أربع من السعادة ... " ، فانظر " الصحيحة " (282)

বাংলা

১৯০৬। আল্লাহর কাছে কল্যাণ প্রার্থনা (ইস্তিখারা) করা আদম সন্তানের জন্য সৌভাগ্যের বিষয়। আর আল্লাহর ফয়সালায় সম্ভষ্ট থাকা আদম সন্তানের জন্য সৌভাগ্যের ব্যাপার। আল্লাহর নিকট কল্যাণ প্রার্থনাকে ছেড়ে দেয়া দুর্ভাগ্যের ব্যাপার এবং আল্লাহর ফয়সালায় অসম্ভষ্ট হওয়া আদম সন্তানের জন্য দুর্ভাগ্যের ব্যাপার।

হাদীসটি দুর্বল।

এটিকে আহমাদ (১৪৪৪), তিরমিযী (৩/২০৩), হাকিম (১/৫১৮), ইবনু আসাকির (১৬/২৩২/১) মুহাম্মাদ ইবনু আবী হুমায়েদ সূত্রে ইসমাঈল ইবনু মুহাম্মাদ ইবনু সা'দ ইবনু আবী অক্লাস হতে, তিনি তার পিতা হতে, তিনি তার দাদা সা'দ ইবনু আবী অক্লাস (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

হাকিম বলেনঃ সনদটি সহীহ। আর হাফিয যাহাবী তার সাথে ঐকমত্য পোষণ করেছেন।

তারা দু'জন সন্দেহমূলক কথা বলেছেন। যার সাক্ষ্য দিচ্ছে যাহাবীর নিজের কথা, তিনি মুহাম্মাদ ইবনু আবী হুমায়েদের জীবনীতে বলেছেনঃ তাকে মুহাদ্দিসগণ দুর্বল আখ্যা দিয়েছেন। অতঃপর তিনি তার এ হাদীসটি উল্লেখ করেছেন। তাকে ইমাম তিরমিযী দুর্বল আখ্যা দিয়ে হাদীসটির শেষে বলেছেনঃ এ হাদীসটি গারীব, এটিকে একমাত্র মুহাম্মাদ ইবনু আবী হুমায়েদের হাদীস হতেই আমরা চিনি। তাকে হাম্মাদ ইবনু আবী হুমায়েদও বলা হয়। তিনি ইবরাহীম মাদীনী। আহলেহাদীসগণের নিকট তিনি শক্তিশালী নন।

আর হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি দুর্বল।

এ থেকেই জানা যায় তিনি যে "আলফাতহ" গ্রন্থে (১১/১৫৩) বলেছেনঃ হাদীসটিকে ইমাম আহমাদ বর্ণনা

করেছেন আর এর সনদটি হাসান। তার এ কথা ভালো নয়। বরং তিনি (ইবনু আবী হুমায়েদ) দুর্বল যেমনটি জেনেছেন।

মুনযেরী “আততাকরীব” গ্রন্থে (১/২৪৪) দুর্বল হওয়ার দিকেই ইঙ্গিত করেছেন। কারণ তিনি হাকিম কর্তৃক সহীহ আখ্যাদানের সমালোচনা করেছেন। তবে তার এ কথা বিতর্কের উর্দেও নয়। কারণ তিনি ইবনু আবী হুমায়েদের অন্য একটি হাদীসের দ্বারা এ সনদকে স্পষ্টভাবে সহীহ আখ্যা দিয়েছেনঃ আদম সন্তানের সৌভাগ্য হচ্ছে তিনটি বস্ততে আর দুর্ভাগ্য হচ্ছে তিনটি বস্ততেঃ সৎ নারীতে, ভাল বাড়ি এবং ভাল বাহনে রয়েছে আদম সন্তানের সৌভাগ্য। আর অসৎ নারী, মন্দ বাড়ি এবং মন্দ বাহনে রয়েছে আদম সন্তানের দুর্ভাগ্য।

এটিকে আহমাদ (১৪৪৫) ও হাকিম (২/১৪৪) পূর্বের হাদীসের সনদে বর্ণনা করেছেন আর এটিকেও হাকিম ও যাহাবী সহীহ আখ্যা দিয়েছেন।

এটি হচ্ছে তাদের দু'জনের সন্দেহমূলক কথা যেমনটি পূর্বে আলোচনা করা হয়েছে। মুনযেরী ও হাইসামীও এ হাদীসের ব্যাপারে সন্দেহে পড়েছেন।

হ্যাঁ, হাদীসটির অন্য একটি সূত্র রয়েছে যেটি এর চেয়ে বেশী ভাল। সেটির ভাষা হচ্ছেঃ “চারটি বস্ততে সৌভাগ্য রয়েছে: সৎ নারী, প্রশস্ত বাসস্থান, সৎ প্রতিবেশী ও আরামদায়ক বাহন। আর দুর্ভাগ্য রয়েছে চারটি বস্ততেঃ মন্দ প্রতিবেশী, মন্দ নারী, মন্দ বাহন ও সংকীর্ণ বাসস্থান। এ হাদীসটি সহীহ। দেখুন "সিলসিলাহ সহীহাহ" (২৮২)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72789>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন